

# বৈদিক ইতেকাক

## মানব সম্পদ ও শিক্ষার উন্নয়নে বাংলাদেশের উদ্যোগে ইউনেক্সের প্রশংসা

বাসস ॥ ইউনেক্সের মহাপরিচালক ফেডেরিকো মেয়ের মানব সম্পদ খাত, বিশেষ করিয়া দেশে শিক্ষার উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁহার সরকারের

(২য় পৃষ্ঠায় ৭-এর কং দ্রঃ)

### মানব সম্পদ

(অধ্য পৃষ্ঠার পর)

প্রচেষ্টার উচ্চসিতি প্রশংসা করিয়াছেন। ইউনেক্সে প্রধান নির্বাহী শিক্ষা ও মানব সম্পদ উন্নয়নের ক্ষেত্রে প্রধানমন্ত্রীর দৃঢ় অঙ্গীকার ও অবদানের প্রশংসা করিয়া বলেন, বাংলাদেশ সাম্প্রতিক বৎসরগুলিতে শিক্ষা ক্ষেত্রে প্রশংসনীয় সাফল্য অর্জন করিয়াছে। প্যারিস হইতে গতকাল (ওকুবাৰ) পাওয়া এক বার্তায় এ কথা বলা হইয়াছে।

সম্প্রতি "ফ্রান্সের" রাজধানীতে ইউনেক্সে সদর দপ্তরে বাংলাদেশের রাষ্ট্রদূত সৈয়দ মোয়াজ্জেম আলী রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি হিসাবে তাঁহার পরিচয়পত্র সংস্থার মহাপরিচালকের নিকট হস্তান্তরের সময় ফেডেরিকো মেয়ের এ কথা বলেন।

মোয়াজ্জেম আলী নিরক্ষরতা দূর, দারিদ্র্য বিমোচন এবং মানব সম্পদ উন্নয়নে বাংলাদেশ সরকারের অঙ্গীকারের কথা জানান। এ প্রসঙ্গে তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের গৃহীত পদক্ষেপের কথা উল্লেখ করেন।

ইউনেক্সে মহাপরিচালক প্রধানমন্ত্রী শেখ হাসিনার শিক্ষা খাতে জাতীয় বাজেটের শতকরা ৪ হইতে ৫ ভাগ বরাদ্দ বৃদ্ধির সিদ্ধান্তের প্রশংসা করেন। ফেডেরিকো মেয়ের জনসংখ্যা নিয়ন্ত্রণ ও দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে বাংলাদেশের সাফল্যের প্রশংসা করিয়াছেন।

বাংলাদেশে তাঁহার সফর প্রসঙ্গে ইউনেক্সে প্রধান বলেন, বিভিন্ন মানব সম্পদ উন্নয়ন খাতে বাংলাদেশের চমৎকার অগ্রগতি তিনি নিজে দেখিয়া আসিয়াছেন।

তিনি জোর দিয়া বলেন, মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন এবং শান্তি চর্চা বৃদ্ধির ক্ষেত্রে বাংলাদেশের প্রধানমন্ত্রীর বিরাট অবদান আন্তর্জাতিক স্বীকৃতি পাওয়ারযোগ্য।

মোয়াজ্জেম আলী ইউনেক্সে মহাপরিচালকের শান্তির চর্চা এবং অন্যান্য কর্মসূচীর প্রতি বাংলাদেশের অব্যাহত সমর্থনের আশ্বাস দেন। রাষ্ট্রদূত বাংলাদেশে বন্যা পরবর্তী কার্যক্রমের প্রতি তাঁহার উদ্যোগ ও অবদানের জন্যও ফেডেরিকো মেয়েরকে ধন্যবাদ জানান।